

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪২৯৪

আগরতলা, ১৯ ডিসেম্বর, ২০২৩

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভা**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের কনফারেন্স হলে গতকাল জিলা পরিষদের কৃষি বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি হরিদুলাল আচার্য। সভায় স্থায়ী কমিটির সদস্য-সদস্যাগণ ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। সভায় জলসম্পদ দপ্তরের প্রতিনিধি জানান, পশ্চিম ত্রিপুরায় জলসেচের উৎস নির্মাণের জন্য ১৭ ১টি উত্তোলক সেচ প্রকল্প ও গভীর নলকূপ খননের কাজ চলছে। ডুকলি ইলকের খাস মধুপুর ও সুর্যমনিগঠের জয়কালীতে দুটি গভীর নলকূপ প্রকল্প চালু করা হয়েছে। সভায় কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের প্রতিনিধি জানান, জেলায় এখন পর্যন্ত ২০,৫৮১ জন কৃষককে পিএম কিষাণ প্রকল্পের আওতায় আনা হয়েছে। জেলায় চলতি অর্থবছরে এখন পর্যন্ত ২৫৫ জন কৃষককে কিষাণ ক্রেডিট কার্ডে ঋণ দেওয়া হয়েছে। কৃষকদের প্রাপ্ত ঋণের পরিমাণ ১০ কোটি ৫ লক্ষ ২৮ হাজার ৩০০ টাকা। প্রধানমন্ত্রী কৃষি সিঞ্চাই যোজনায় চলতি অর্থবছরে জেলায় জলসেচের উৎস নির্মাণের জন্য বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এই যোজনায় ৯টি জলাশয় নির্মাণ করার লক্ষ্যমাত্রা রয়েছে।

সভায় উদ্যানপালন ও ভূমি সংরক্ষণ দপ্তরের প্রতিনিধি জানান, চলতি অর্থবছরে জেলায় ৯৬ হেক্টের জমি স্টেগারিং প্রথায় আনারস চাষের আওতায় আনা হয়েছে। মুখ্যমন্ত্রী পুষ্প উদ্যান প্রকল্পে জেলায় এখন পর্যন্ত ৬১.৮২ হেক্টের জমি ফুলচাষের আওতায় আনা হয়েছে। এতে ৬৪০ জন ফুলচাষী উপকৃত হয়েছেন। তাছাড়া এমজিএন রেগা ও সুসংহত উদ্যান উন্নয়ন মিশনে জেলায় ১৫ হেক্টের জমি আম চাষের আওতায় আনা হয়েছে। এতে জেলার ৪২ জন ফুলচাষী উপকৃত হয়েছেন। সভায় মৎস্য দপ্তরের প্রতিনিধি জানান, প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় চলতি অর্থবছরে ৩১টি নতুন পুকুর খনন করা হয়েছে। এই যোজনায় আরও ২২টি পুকুর খননের কাজ চলছে। মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় চলতি অর্থবছরে জেলার ৬৭ জন মৎস্যচাষীকে ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে। সভায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের প্রতিনিধি জানান, চলতি অর্থবছরে মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় জেলার ১,৪৩৫ জন প্রাণীপালককে মোরগ ও হাঁস পালনে সহায়তা দেওয়া হয়েছে। তাছাড়া মুখ্যমন্ত্রী প্রাণীপালক সম্মাননিধি প্রকল্পে জেলার ৪৫ জন প্রাণীপালককে ৬ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হবে।

\*\*\*\*\*